# ঠাকুরগাঁও-১ আসনের বিএনপির মনোনয়ন জমা দিলেন মির্জা ফয়সাল



ছবি: সংগৃহীত

ঠাকুরগাঁও-১ আসনের উপনির্বাচনে মনোনয়নপত্র জমা দিয়েছেন রাষ্ট্রপতির ছোটভাই ও জেলা বিএনপির সভাপতি মির্জা ফয়সাল আমিন।

রোববার (২৭ সেপ্টেম্বর) দুপুরে জেলা নির্বাচন কমিশন কার্যালয়ে রিটার্নিং কর্মকর্তা মো. কামরুল ইসলামের কাছে মনোনয়নপত্র জমা দেন তিনি।

মির্জা ফখরুল ইসলাম আলমগীর রাষ্ট্রপতি নির্বাচিত হওয়ায় ঠাকুরগাঁও-১ আসনটি শূন্য হয়। রোববার ছিল এ উপনির্বাচনে মনোনয়নপত্র জমা দেওয়ার শেষ দিন। আগামী ২৯ অক্টোবর আসনটিতে ভোটগ্রহণ হবে।

ঠাকুরগাঁও সদর, রুহিয়া ও ভূল্লী উপজেলা নিয়ে গঠিত এ আসনে মোট ভোটার ৫ লাখ ১৬ হাজার ১৩৮ জন।

এর আগে শনিবার (২৬ সেপ্টেম্বর) ১১ দলীয় ঐক্য সমর্থিত বাংলাদেশ জামায়াতে ইসলামীর প্রার্থী মো. দেলাওয়ার হোসেনও এ আসনের উপনির্বাচনে মনোনয়নপত্র জমা দেন।

LENS ASIA